

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-৪ শাখা
www.moa.gov.bd

স্মারক নং- ১২.০০.০০০০.০৭৮.২২.০০১.১৮/ ১১৬


তারিখঃ ০৩/০৬/২০১৮ খ্রিঃ।
১৮/০২/১৪২৫ বং।

বিষয়ঃ বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে স্বাক্ষরিত 'Memorandum of Understanding' এর আলোকে মন্ত্রিসভা-
বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে স্বাক্ষরিত 'Memorandum of Understanding' এর আলোকে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির একটি সভা জনাব মোহাম্মদ নজমুল ইসলাম, অতিরিক্ত সচিব (পিপিএস), কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ৩০ মে, ২০১৮ তারিখ কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্যের সাথে নিম্নোক্ত সিদ্ধান্তটি গৃহীত হয়ঃ

“২.২ কৃষিপণ্য রপ্তানীর বাধাসমূহ, বাংলাদেশ ব্যাংকের নীতিমালার কারণে বিদেশে বিনিয়োগের অর্থ ছাড়করণে কী ধরনের সমস্যা আছে, বিদেশে বিনিয়োগ দেশে ফেরার সম্ভবনা, বিদেশে উৎপাদিত পণ্যের মুনাফার উপর কী ধরনের শুল্ক আরোপ করা হতে পারে এসব বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাংক ১৫ (পনের) দিনের মধ্যে তথ্য-উপাত্ত কমিটিকে প্রদান করবেন;

০২। এ প্রেক্ষিতে, উপর্যুক্ত তথ্যাদি আগামী ১৫ দিনের মধ্যে জরুরী ভিত্তিতে বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালকের নেতৃত্বে গঠিত কমিটির নিকট প্রেরণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।


মোঃ শামীম মিয়া
সহকারী প্রধান

ফোন : ০২-৯৫৫৫৬২২

ই-মেইল : shamimaers@gmail.com

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড

সেগুনবাগিচা, ঢাকা।

(দৃঃ আঃ জনাব মোঃ সানোয়ারুল কবির, দ্বিতীয় সচিব, শুল্ক আন্তর্জাতিক বাণিজ্য চুক্তি)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।

০২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশন, ফার্মগেট, ঢাকা।

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। অতিরিক্ত সচিব (পিপিএস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

(ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)

০৬। অফিস কপি